বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
www.bgfcl.gov.bd

**২৯ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০২তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৯ অক্টোবর ২০২৫ |
| সভার সময় | দুপুর ২.৩০ টা |
| স্থান | বোর্ড রুম (হাইব্রিড মোড-এ), প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভাপতি হাইব্রিড মোড-এ অনুষ্ঠিত অক্টোবর'২৫ মাসের/১০২তম সমন্বয় সভায় বোর্ড রুম ও অনলাইনে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে যথারীতি কোম্পানি সচিব-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানান। সভাপতিকে ধন্যবাদ জানিয়ে কোম্পানি সচিব সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে গত ২৯-৯-২০২৫ তারিখে অনুষ্ঠিত ১০১তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.০। | **অপারেশন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, তিতাস-ই এবং জি লোকেশনে কম্প্রেসর স্থাপন ও কমিশনিং হয়েছে। কম্প্রেসরের পারফর্মেন্স টেস্ট শেষে গ্যাস সরবরাহ শুরু হলে তিতাসের বিভিন্ন কূপের গ্যাস উৎপাদন স্থিতিশীল রাখা সম্ভবপর হবে। তিনি জানান, কোম্পানির উৎপাদিত গ্যাসের কম্পোজিশন টেস্ট-এর জন্য বুয়েট কর্তৃক সংগৃহীত স্যাম্পল-এর পরীক্ষা করা হচ্ছে। সভাকে আরও অবহিত করা হয় যে, তিতাস-আই এবং জে লোকেশনের প্রসেস প্লান্টের সাথে স্থাপিত পূর্বতন ফ্লো-কম্পিউটার ক্যালিব্রেশন করে কাস্টডি ট্রান্সফার হিসেবে চালু করা হয়েছে এবং লোকেশন-জি তে স্থাপিত পূর্বতন ফ্লো-কম্পিউটার চালু করার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। ফ্লো-কম্পিউটারে প্রাপ্ত প্রোডাকশন ডাটা সন্তোষজনক। এছাড়া, কোম্পানির সকল ফিল্ড/লোকেশনের কাস্টডি ট্রান্সফার মিটারে ফ্লো-কম্পিউটার ইনস্টলেশনের জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে এবং ঠিকাদার কর্তৃক ডিজাইন-ড্রইং সম্পন্ন করা হয়েছে। এখন তিতাস-এ, সি এবং ই লোকেশনে ফ্লো-কম্পিউটার ইনস্টলেশনের কার্যক্রম চলমান আছে। | পেট্রোবাংলার চাহিদা অনুযায়ী দৈনিক সর্বোচ্চ পরিমাণ গ্যাস উৎপাদন স্থিতিশীল রাখতে সচেষ্ট থাকতে হবে।<br><br>কোম্পানির উৎপাদিত গ্যাসের কম্পোজিশন টেস্ট বুয়েট-এর মাধ্যমে সম্পাদন করতে হবে।<br><br>ডিসেম্বর, ২০২৫ মাসের মধ্যে তিতাস-এ, সি এবং ই লোকেশনে ফ্লো-কম্পিউটার ইনস্টলেশন করে কাস্টডি ট্রান্সফার চালু করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:**<br>হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ডে স্থাপিত থাকা এবং ঢাকা লিয়াজোঁ অফিস থেকে ডিসমেন্টাল করে তিতাস-সি তে রাখা সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক ওয়েট ক্যালকুলেশন করে নিলাম কমিটিতে পাঠানো হলে নিলাম কমিটি এস্টিমেশনসহ প্রতিবেদন উপস্থাপনের অনুরোধ করে। এ প্রেক্ষিতে এস্টিমেশনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক এস্টিমেশন সম্পন্ন করে নিলামের ব্যবস্থা গ্রহণের জন্য নিলাম কমিটি-তে উক্ত প্রতিবেদন প্রেরণ করা হবে। | হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ডে থাকা এবং ঢাকা লিয়াজোঁ অফিস থেকে ডিসমেন্টাল করে তিতাস-সি তে রাখা সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ত্বরান্বিত করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ) |
| | | **গ) নরসিংদী ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণের ফলে কর্মকর্তা আবাসন ভেঙ্গে ফেলতে হচ্ছে বিধায় কর্মকর্তা আবাসন পুনর্নির্মাণের বিষয়টি বোর্ডের অনুমোদন হয়েছে। বর্তমানে ডিজাইন-ড্রয়িং ও দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। অচিরেই দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। | সড়ক বিভাগ কর্তৃক নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের ফলে কর্মকর্তাদের আবাসন ভবন পুনর্নির্মাণের লক্ষ্যে দ্রুত দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.২। | | **কামতা ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি সংস্কারের নিমিত্ত ভবনটির ব্যবহারযোগ্যতা মূল্যায়নের জন্য টিজিটিডিএসএল কর্তৃক বুয়েট-কে পত্র মারফত অনুরোধ জানানো হয়েছে-মর্মে জানা গিয়েছে। সভায় আলোচনা করা হয় যে, ভবনটি পরিত্যক্ত অবস্থায় থাকলে সাপের উপদ্রব বাড়তে পারে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন/ সংস্কার করার বিষয়ে টিজিটিডিএসএল-এর সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| **৪.০।** | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :** | | | |
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | চলমান ৫টি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | (ক) তিতাস-ই এবং জি লোকেশনে ৩টি করে মোট ৬টি কম্প্রেসর স্থাপন ও কমিশনিং সম্পন্ন হয়েছে। এখন কম্পেসরসমূহের পারফরমেন্স টেস্ট সম্পন্ন হলে লোকেশন ২টি হতে উৎপাদিত গ্যাস কম্প্রেসরের মাধ্যমে জাতীয় গ্রিডে সরবরাহ করা যাবে এবং এতে দৈনিক প্রায় ১৫-২০ মিলিয়ন গ্যাস জাতীয় গ্রিডে যুক্ত করা সম্ভব হবে বলে আশা করা যায়। | দেশের গ্যাস চাহিদার প্রেক্ষাপট বিবেচনায় তিতাস-ই এবং জি লোকেশনে স্থাপিত কম্প্রেসরসমূহের পারফরমেন্স টেস্ট দ্রুত সম্পন্ন করে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ বৃদ্ধি করতে হবে। | |
| | | (খ) ৭টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের আওতায় হবিগঞ্জ-৫নং কূপের ওয়ার্কওভার ২৪-১০-২০২৫ তারিখে শুরু হয়েছে। পরবর্তীতে মেঘনা-১নং কূপের ওয়ার্কওভার করা হবে। এ লক্ষ্যে মেঘনা ফিল্ডের রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজ শুরু করা প্রয়োজন। কিন্তু ফিল্ডের উৎপাদিত গ্যাসের সাথে আসা অতিরিক্ত পানি ড্রেইনেজ করতে না পারায় পুরাতন রিগ ফাউন্ডেশন পানির নীচে আছে। ফিল্ডের পানি দ্রুত নিষ্কাশন করা দরকার মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া, আরডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে। | মেঘনা-১নং কূপের ওয়ার্কওভারের জন্য রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজ শুরুর লক্ষ্যে ফিল্ডের পানি নিষ্কাষণের বিষয়টি মহাব্যবস্থাপক (অপারেশন), মহাব্যবস্থাপক (টিএস) ও উপমহাব্যবস্থাপক (সিভিল) কর্তৃক যৌথভাবে সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>প্রকল্পের RDPP-র অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১ টার্ণ-কী ভিত্তিতে খননের জন্য CCDC, China এর সাথে এর সাথে এবং বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে RICH SPREAD GROUP LIMITED, BRITISH VIRGIN ISLAND-এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পের আওতায় তিতাস-৩১ নং কূপের ভূমি অধিযাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং বাখরাবাদ-১১ নং কূপের ভূমি অধিযাচনের ক্ষেত্রে ভূমি মালিকদের অসহযোগিতা প্রত্যক্ষ করা যাচ্ছে। | গ) বিকেবি-১১ কূপ খনন সংশ্লিষ্ট ভূমির অধিযাচন কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনে কুমিল্লা জেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। উক্ত ভূমির অধিযাচন কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ২৪-২৫ জন ভূমির মালিকসহ স্থানীয় ইউপি চেয়ারম্যান এর উপস্থিতিতে অতিদ্রুত ডিজিএম (বাখরাবাদ) কর্তৃক বাখরাবাদ ফিল্ডে বৈঠকের ব্যবস্থা করতে হবে। বৈঠকে ডিজিএম (সিভিল), ডিজিএম (এস্টেট), প্রকল্পের পিডি উপস্থিত থাকবেন। | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের বাস্তব কাজ শুরুর লক্ষ্যে বিস্ফোরক দ্রব্যাদি বাপেক্সের ষ্টোরে পৌঁছেছে। Data Acquisition System with Hardware and Software মালামাল অক্টোবর, ২০২৫ নাগাদ পৌঁছাবে। বাপেক্স কর্তৃক অস্থায়ী জনবল নিয়োগ, বৈদেশিক পরামর্শক নিয়োগ, ডাটা প্রসেসিং হার্ডওয়্যার ও সফট্ওয়্যার সংগ্রহ করা হচ্ছে। পরিবেশগত ছাড়পত্র গ্রহণসহ কতিপয় কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। হবিগঞ্জ ফিল্ড ও তদ্‌সংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি ৩-ডি সাইসমিক জরিপের মাঠ পর্যায়ের কাজ নভেম্বর নাগাদ শুরু করা যাবে বলে আশা করা যায়। | ঘ) ৩-ডি সাইসমিক জরিপের মাঠ পর্যায়ের কাজ নভেম্বর, ২০২৫ নাগাদ শুরু করতে হবে। | |
| | | (ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ৩টি (তিতাস কূপ নং ২৮, ২৯ ও ৩০) ও কামতা ফিল্ডে ১টি কূপ সমন্বিতভাবে খননের জন্য CCDC, China এর সাথে চুক্তি হয়েছে। তিতাস-২৮, ২৯, ৩০ কূপের জন্য ভূমি উন্নয়ন সম্পন্ন হয়েছে এবং রিগ ফাউন্ডেশন নির্মাণ কাজ চলমান রয়েছে। ১ম কূপ (তিতাস-২৮) স্পাড- ইন এর তারিখ ২৭-১১-২০২৫ নির্ধারিত আছে। ৩টি ক্যাটাগরিতে (ড্রিলিং সুপারভাইজর, পেট্রোলিয়াম জিওলজিস্ট ও কমপ্লিশন ইঞ্জিনিয়ার) পরামর্শক সেবা গ্রহণের জন্য পুনরায় EOI আহবান করা হয়েছে। তবে, কামতা ফিল্ডের জন্য প্রসেস প্লান্ট সংগ্রহ করা প্রয়োজন হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | তিতাস-২৮ নং কূপের খনন কাজ ২৭-১১-২০২৫ তারিখে শুরু করতে হবে।<br><br>কামতা ফিল্ডের জন্য কোম্পানির বিদ্যমান প্রসেস প্লান্ট হতে বা বাপেক্স হতে দৈনিক ২০-৩০ এমএমসিএফ গ্যাস প্রসেস ক্ষমতাসম্পন্ন একটি প্রসেস প্লান্ট সংগ্রহ এবং অপারগতায়, নতুন প্রসেস প্লান্ট ক্রয়ের বিষয়ে অনুসন্ধান ও পর্যালোচনা করে পর্যবেক্ষণগত প্রতিবেদন উপস্থাপনের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:<br><br>ক) জিএম (অপারেশন)-আহ্বায়ক<br>খ) ডিজিএম (সিভিল)<br>গ) ডিজিএম (তিতাস-উত্তর)<br>ঘ) ব্যবস্থাপক (প্রজেক্ট অডিট)<br>ঙ) প্রকল্প ব্যবস্থাপক (৪টি কূপ খনন)<br>চ) ব্যবস্থাপক (পিএলসিপি-তিতাস) | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৩টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি প্রেরণ করা হলে অর্থ বিভাগের সুপারিশ অনুযায়ী অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৭০% জিওবি ঋণ এবং ৩০% কোম্পানির নিজস্ব তহবিল হতে বিনিয়োগের অনুকূলে লিক্যুইডিটি সার্টিফিকেট ইস্যু করা হয়েছে। তদনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ২২/০৯/২০২৫ তারিখে Planning and Project Appraisal Software (PPS)-এর মাধ্যমে পেট্রোবাংলায় প্রেরণ করা হলে পেট্রোবাংলা সফটওয়্যার এর প্রক্রিয়াগত ত্রুটির কারণে ডিপিপি পিপিএস এর মাধ্যমে ফেরত প্রদান করে। পিপিএস এর কারিগরি ত্রুটির সমাধান হলে পুনরায় পেট্রোবাংলাতে প্রেরণ করা হবে। এছাড়া, উক্ত কূপ এলাকায় বিদ্যমান আনসার ক্যাম্প অন্যত্র স্থানান্তরের বিষয়টি বোর্ড কর্তৃক অনুমোদন হয়েছে। শীঘ্রই দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে। তিতাস-৩২ নং কূপ খননের কাজ ০১-০৭-২০২৬ তারিখে ও তিতাস-৩৩ নং কূপ খননের কাজ ০১-১১-২০২৬ তারিখে শুরু করার পরিকল্পনা রয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি দ্রুত পুনর্গঠিত ডিপিপি পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।<br><br>তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এলাকায় বিদ্যমান আনসার ক্যাম্প অন্যত্র স্থানান্তরের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | | (খ) তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে ডিপিপি বিজিএফসিএল বোর্ডের অনুমোদনক্রমে পেট্রোবাংলা প্রেরণ করা হয়। জিডিএফ অর্থায়নে প্রকল্প বাছাই কমিটির সভায় প্রাক্কলনের ৮০% অর্থ জিডিএফ হতে প্রদানের সম্মতি হয়, এবং বৈদেশিক পরামর্শকের পরিবর্তে স্থানীয় পরামর্শক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী স্থানীয় পরামর্শকের ব্যয় প্রাক্কলন সম্পন্ন করে ইতোমধ্যে ডিপিপি পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। প্রকল্পের EIA চূড়ান্ত করার কার্যক্রম চলমান আছে। তিতাস-১৫ নং কূপের ওয়ার্কওভার কাজ ০১-০৬-২০২৬ তারিখে এবং বাখরাবাদ-২ নং কূপের ওয়ার্কওভার কাজ ০১-১০-২০২৬ তারিখে শুরু করার পরিকল্পনা রয়েছে। | তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি স্থানীয় পরামর্শকের ব্যয় প্রাক্কলন সম্পন্ন করে শীঘ্রই পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | |
| | | (গ) তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি.মি. এলাকায় ২-ডি এবং তিতাস ফিল্ডের উত্তর- পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর পূর্বে 632 বর্গ কি.মি এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের চূড়ান্ত Feasibility Study প্রতিবেদন IIFC কর্তৃক দাখিল করা হয়েছে। অপরদিকে, ২ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে বাপেক্স-এর গঠিত কমিটি কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের প্রতিবেদন দাখিল করা হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি'র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করা হবে। | (গ) ২-ডি ও ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি'র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে। | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের নিমিত্ত চাহিদানুযায়ী ম্যাটেরিয়েলস্ তালিকা তৈরি, কর্মপরিকল্পনা এবং কস্টিং করে টেন্ডার সিডিউল প্রণয়ন করা হচ্ছে।<br><br>এছাড়া, হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নিয়োজিত করা হচ্ছে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বর্তমানে দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ফায়ার সেফটি বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফলে, কোম্পানির অগ্নি নিরাপত্তা ব্যবস্থায় বিদ্যমান ফায়ার এক্সটিংগুইশারসমূহ, হাইড্রেন্টসমূহ, হোসপাইপসমূহ, ফায়ার টেন্ডারসমূহ প্রভৃতির কার্যকারিতার বাস্তব পরীক্ষণ করা প্রয়োজন। এছাড়া, সকল ফিল্ড/স্থাপনা সংলগ্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের যোগাযোগ নম্বর ও হটলাইন সংশ্লিষ্ট সকলের নিকট সংগ্রহ রাখা অত্যাবশ্যকীয়। পাশাপাশি অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণে বিশেষ তৎপরতাও অব্যাহত রাখা জরুরি। | কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের কর্মপরিকল্পনা সভাকে অবহিত করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সভাকে অবহিত করতে হবে।<br><br>বর্তমানে দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় সকল ফিল্ড/স্থাপনায় অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণে বিশেষ তৎপরতা অব্যাহত রাখতে হবে। কোম্পানির অগ্নি নিরাপত্তা ব্যবস্থায় বিদ্যমান ফায়ার এক্সটিংগুইশারসমূহ, হাইড্রেন্টসমূহ, হোসপাইপসমূহ, ফায়ার টেন্ডারসমূহ প্রভৃতির কার্যকারিতার বাস্তব পরীক্ষণ করে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় আপগ্রেডেশনের ব্যবস্থা করতে হবে। সকল ফিল্ড/ স্থাপনা সংলগ্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের যোগাযোগ নম্বর ও হটলাইন সংশ্লিষ্ট সকলের নিকট সংগ্রহ রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন । | সভাকে অবহিত করা হয় যে, বিজিএফসিএল-এর ২টি প্রস্তাবিত প্রকল্পের (তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এবং তিতাস-১৫ ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার) জন্য ECC সংগ্রহের আবেদন করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এবং তিতাস-১৫ ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের জন্য ECC দ্রুত সংগ্রহ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) |
| ৪.৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | সরকারী কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS) | সভাকে অবহিত করা হয় যে, সরকারী কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের কর্মসম্পাদন ক্ষেত্র প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। তদনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে কোম্পানি সচেষ্ট থাকবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে করণীয় নির্ধারণ করা যেতে পারে। | সরকারী কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আন্তরিক ও তৎপর হতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৫.০।** | **কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন:** | | | |
| ৫.১। | কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম | মহাব্যবস্থাপক (সিজি) সভাকে অবহিত করেন যে, কম্প্রেসর মেইনটেন্যান্স বিষয়ে INNIO Waukesha Gas Engines Inc., United States of America এর মাধ্যমে জনপ্রতি $৩০০ (ইউএস ডলার তিনশত) প্রশিক্ষণ ফি প্রদান সাপেক্ষে প্রশিক্ষণের বিষয়ে ৩জন কর্মকর্তাকে মনোনীত করা হয়েছে। | কম্প্রেসর মেইনটেন্যান্স বিষয়ে INNIO Waukesha Gas Engines Inc., United States of America এর মাধ্যমে জনপ্রতি $৩০০ (ইউএস ডলার তিনশত) প্রশিক্ষণ ফি প্রদান সাপেক্ষে মনোনীত ৩জন কর্মকর্তার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ (সিজি) এবং উপমহাব্যবস্থাপক (এইচআর) |
| **৬.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৬.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | ফিল্ড ইনচার্জ সভাকে অবহিত করেন যে, কামতা ফিল্ডের ৩টি মৌজার প্রায় ২.৮২ একর ভূসম্পত্তির নামজারি সম্পন্ন হয়েছে। সভাকে আরও অবহিত করা হয় যে, কামতা ফিল্ড থেকে উলুখোলা বাজার পর্যন্ত কোম্পানির পথস্বত্ব (ROW) সংরক্ষণের জন্য গঠিত কমিটি সরেজমিন পরিদর্শন করে উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় একজন স্থানীয় ব্যক্তি কর্তৃক কোম্পানির পথস্বত্বের প্রায় ৭-৮ ফুট ভূমিতে স্থায়ী অবকাঠামো নির্মাণ প্রত্যক্ষ করে। ফলে, উক্ত ভূমি সংরক্ষণে আইনি পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে উকিল নোটিশ প্রদান করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। | উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW-এর ৭-৮ ফুট জায়গায় স্থায়ী অবকাঠামো নির্মাণকারী স্থানীয় ব্যক্তির বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে উকিল নোটিশ প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৬.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| **৭.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৭.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে সর্বমোট ৪২টি মামলা রয়েছে। যার মধ্যে উচ্চ আদালতে ২৫টি (প্রশাসনিক-১৭টি ও অর্থ মামলা-৮টি) এবং নিম্ন আদালতে ১৭টি (ভূমি সংক্রান্ত-১১টি, প্রশাসনিক-৪টি ও অর্থ মামলা-২টি) মামলা রয়েছে।<br><br>সংশ্লিষ্ট কমিটি প্যানেল আইনজীবী নিয়োগের প্রতিবেদন দাখিল করেছে। এ সংক্রান্ত বোর্ড পেপার শীঘ্রই বোর্ড সভায় উপস্থাপন করা হবে। | ১। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জন্য অধিকতর তৎপর হতে হবে।<br><br>২। প্যানেল আইনজীবী নিয়োগের বোর্ড পেপার আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩। প্যানেল আইনজীবী নিয়োগ ও মামলা পরিচালনা সংক্রান্ত বিষয়ে পেট্রোবাংলার দিকনির্দেশনা অনুসরণ করতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| **৮.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৮.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, বিদ্যমান ১২টি কাস্টমাইজড সফটওয়্যার, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত বিষয়ে পেট্রোবাংলার মতামত প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করা হবে। | ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত ইক্যুইপমেন্ট ক্রয়ের বিষয়ে পেট্রোবাংলার মতামত প্রাপ্তির জন্য পেট্রোবাংলায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/ (পিডি)/(অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৮.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের বিষয়ে কমিটি কর্তৃক তালিকা প্রণয়ন করা হয়েছে। তালিকাভূক্ত মালামালের এস্টিমেশন ও প্রাইসিং কাজ প্রায় শেষের দিকে। মালামালের তালিকা সম্বলিত কমিটির প্রতিবেদন যথাশীঘ্র নিলাম কমিটি বরাবর প্রেরণ করা হবে। | কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের লক্ষ্যে মালামালের তালিকা সম্বলিত কমিটির প্রতিবেদন দ্রুত নিলাম কমিটির নিকট প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) ও সংশ্লিষ্ট কমিটি |
| **৯.০।** | **প্রশাসন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯.১। | নিরাপত্তা | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ২৮/১০/২০২৫ তারিখে পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত নিরাপত্তা সংক্রান্ত সভায় KPI প্রতিষ্ঠান হিসেবে কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। যেমন: প্রবেশাধিকার সংরক্ষিত করা, নিরাপত্তা পরিদর্শন জোরদার করা, সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিং, অফিস ছুটি কালে বৈদ্যুতিক সুইচ অফ করে যাওয়া প্রভৃতি। এছাড়া, নিরাপত্তা বিষয়ে একজন ফোকাল পয়েন্ট মনোনীত করারও নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত/ নির্দেশনা যথাযথ প্রতিপাদন করা হচ্ছে। | পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ২৮/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত/ নির্দেশনা অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে কোম্পানির সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে হবে।<br><br>প্রধান কার্যালয়সহ সকল ফিল্ডে সেবা প্রত্যাশী/ ভিজিটরদের প্রবেশাধিকার সংরক্ষিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তার অনুমতি গ্রহণ সাপেক্ষে নিরাপত্তা বিভাগ কর্তৃক সেবা প্রত্যাশী/ ভিজিটরকে প্রবেশের অনুমতি প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৯.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত হচ্ছে। তিনি আরও জানান যে, কোম্পানির অ্যাম্বুলেন্সসমূহ বর্তমান অবস্থা নাজুক অবস্থায় আছে এবং সেগুলোতে বিদ্যমান এসিসহ প্রয়োজনীয় মেরামত একান্ত প্রয়োজন। সভায় অক্সিজেন সিলিন্ডার, ফাস্ট এইড বক্স প্রভৃতির কার্যকারিতা নিয়মিতভাবে পরীক্ষা করার উপর জোর গুরুত্বারোপ করা হয়। | কোম্পানির অ্যাম্বুলেন্সসমূহের এসিসহ প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ/ মেরামত সম্পন্ন করতে হবে। এছাড়া, অক্সিজেন সিলিন্ডার, ফাস্ট এইড বক্স প্রভৃতি সার্বক্ষণিক সচল ও কার্যক্ষম রাখতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৯.৩। | নিয়োগ ও পদোন্নতি | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, পেট্রোবালার সমন্বিত নিয়োগ প্রক্রিয়ায় কোম্পানির জন্য মনোনীত ১০৭জন প্রার্থী ১৬ নভেম্বর যোগদান করবেন বলে আশা করা যায়। এছাড়া, ৬৫জন সহকারী কর্মকর্তা/ সহঃ কারিগরী কর্মকর্তা নিয়োগের প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে এবং বোর্ডের সিদ্ধান্তানুযায়ী জুনিয়র সিলেকশন কমিটির মাধ্যমে ১৩টি ক্যাটাগরির ৭৭টি শূন্য পদে নিয়োগের কার্যক্রম গ্রহণের বিষয়ে বোর্ডের প্রশাসনিক কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে। | বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৯.৪। | সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি নবায়ন | সভায় গাড়ী ভাড়া সংক্রান্ত চুক্তি নবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। আলোচনাকালে সেবা গ্রহণ সংক্রান্ত বিষয়ে নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে বারবার চুক্তি নবায়ন না করে নতুনভাবে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রতিষ্ঠান নির্বাচন ও চুক্তি স্বাক্ষর সম্পাদন করা যথাযথ হবে মর্মে সভায় মতামত প্রদান করা হয়। | এখন হতে গাড়ী ভাড়া সংক্রান্ত চুক্তি নবায়ন না করে নতুনভাবে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে নিয়মানুযায়ী গাড়ী সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| **১০.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, ২০২৫-২৬ অর্থবছর শুরু হওয়ায় অচিরেই এ অর্থবছরের সংশোধিত এবং ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলিত বাজেট প্রস্তাব চাওয়া হয়েছে। মন্ত্রণালয় এবং পেট্রোবাংলা কর্তৃক কোম্পানির বাজেট অনুমোদনের ক্ষেত্রে যৌক্তিক এবং বাস্তবসম্মত বাজেট প্রস্তাব উপস্থাপন গরুত্বপূর্ণ বিধায় এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। এছাড়া, সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়। | ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এবং ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলিত বাজেট প্রস্তাব যৌক্তিক ও বাস্তবসম্মতভাবে উপস্থাপন করতে হবে।<br><br>বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

সভা সমাপ্তির প্রাক্কালে সভাপতি মহোদয় নিম্নরুপ নির্দেশনা প্রদান করেনঃ

(ক) বিজিএফসিএল-এর কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য একটি হোয়াট্‌স অ্যাপ গ্রুপ তৈরি করতে হবে;

(খ) বিজিএফসিএল-এর সকল প্রকল্প পরিচালক এবং প্রকল্প সমন্বয়কদের জন্য একটি হোয়াট্‌স অ্যাপ গ্রুপ তৈরি করতে হবে; এবং

(গ) বিজিএফসিএল-এর সকল ফিল্ড ইনচার্জদের জন্য একটি হোয়াট্‌স অ্যাপ গ্রুপ তৈরি করতে হবে।

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


তারিখ, ব্রাহ্মণবাড়িয়া

**১৩ কার্তিক ১৪৩২**

২৯ অক্টোবর ২০২৫

**সকল সংযুক্তিসমূহ:**

(১) উপস্থিতির তালিকা



০৫-১১-২০২৫

প্রকৌ. মোঃ ফারুক হোসেন

ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.১৮.০০০১.২৫.১১৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।

৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ।

৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

০৫-১১-২০২৫
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক